ঝিনাইদহে মুজিববর্ষ উপলক্ষে বিআরটিএ’র বিশেষ সেবা সপ্তাহ’র কার্যক্রম শুরু

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে ঝিনাইদহে বিআরটিএ এর বিশেষ সেবা সপ্তাহ’র কার্যক্রম শুরু হয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এ সেবা চলবে আগামী ৪ঠা মার্চ পর্যন্ত। ঝিনাইদহ বিআরটিএ সার্কেলের মোটরযান পরিদর্শক এফ এইচ এম মঈদুর রহমান বলেন, দেশব্যাপী বিআরটিএ’র ডিজিটাল সেবার অংশ হিসেবে ঝিনাইদহ বিআরটিএ সর্ব সাধারণের মাঝে সেবা প্রদান অব্যাহত রেখেছেন। তিনি আরও বলেন, সেবা সমূহের মধ্যে রয়েছে অনলাইনে লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, মোটর সাইকেল রেজিস্টেশন প্রদান, বিএসপিতে ইউজার নিবন্ধনে সহায়তা প্রদান। এছাড়াও বিআরটিএ প্রদত্ত সকল ডিজিটাল সেবা জনগণের দৌরগোড়ায় পৌছে দিতে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

আগামী ৪ মার্চ মেহেরপুর আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আগামী ৪ মার্চ মেহেরপুর আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ৪ দিনের সরকারি সফরে মেহেরপুরে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন। এই চার দিনে তিনি মেহেরপুরের বিভিন্ন সরকারি ও বেসরকারী অনুষ্ঠানে অংশ নেবেন।

মঙ্গলবার জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একান্ত সচিব মো: রেজাউল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

সফর সুচীর মধ্যে রয়েছে বৃহস্পতিবার ৩টার দিকে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে যশোরের উদ্দেশ্যে রওনা হবেন। পরে

যশোর থেকে সড়ক পথে মেহেরপুর নিজ বাসভবনে পৌছাবেন।

শুক্রবার সকাল ১০টার দিকে মেহেরপুর সরকারী শিশু পরিবার সংলগ্ন মঠে বি এ ডি সি আয়োজিত আলু বীজ ফসলের মাঠ দিবসের উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যোগদান করবেন । দুপুর সাড়ে তিনটা মিনিট পিরোজপুরে ইউনিয়নে আওয়ামীলীগ আয়োজিত জনসভায় প্রধান অতিথি হিসাবে যোগদান করবেন।

শনিবার ১০ টা মিনিটে মিনি ম্যারাথন অনুষ্ঠান উদ্ভোধনে প্রধান অতিথি হিসাবে যোগদান । দুপুর ৩ টা স্টেডিয়াম মাঠে বঙ্গবন্ধু জেলা ফুটবল খেলা উদ্ভোধনে প্রধান অতিথি হিসাবে যোগদান করবেন ।

রবিবার ১০ টা মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে ৭ মার্চ উর্যাপন উপলক্ষে আলোচনা সভা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন । রবিবার সন্ধ্যায় ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর থেকে যশোর বিমান বন্দরের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

বঙ্গবন্ধুর নাম বিকৃতিকারী ইবি অধ্যাপক আলমগীর ট্রেজারার হতে মরিয়া

২০২০ সালের নভেম্বর থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের অধ্যাপক আলমগীর হোসেন ভূইয়া অনুপ্রবেশকারী হিসেবে নানা তথ্য মিডিয়ায় প্রকাশিত হলে এ বিষয়ে কোন প্রতিক্রিয়া জানাতে রাজি হয়নি তিনি।

ফেব্রুয়ারির শুরুতে তৎকালীন ছাত্রনেতা সাদ্দাম হোসেন হলের ছাত্রলীগের সাধারণ সম্পাদক আমানুর রহমান স্বাক্ষরিত একটি প্রত্যয়নে আলমগীর হোসেন ছাত্রদল ক্যাডার ছিলেন মর্মে বিভিন্ন তথ্য উপাত্ত প্রদান করলে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়।

এক মাস পর অজানা কারনে প্রত্যয়নপত্রের কথা আমানুর রহমান অস্বীকার করলে সে সূত্র ধরে অধ্যাপক আলমগীর প্রতিবাদ লিপি পাঠান।

এরপর প্রকৃত ঘটনা উৎঘাটনের জন্য অনুসন্ধানে তাঁর সম্পর্কে অনেক চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসে।

ছাত্রজীবনঃ আলমগীর হোসেন ভূইয়া ১৯৮৮-৮৯ সেশনে গাজীপুর ক্যাম্পাসে ভর্তি হয়। সে সময় অর্থনীতি বিভাগে ২৮ জন ছাত্রের মধ্যে ২১ জন ছাত্রলীগে যোগ দেয় কিন্তু ভূইয়া কোনভাবেই রাজী হননি। এ প্রসঙ্গে তৎকালীন অর্থনীতি বিভাগের ছাত্র এবং ছাত্রলীগের প্রতিষ্ঠাকালীন ইবি শাখার সাধারণ সম্পাদক আফছার আলী বলেন, “ছাত্রলীগের নামটাও আলমগীর সহ্য করতে পারতো না। আমি নিজে তার রুমে চাঁদা তুলতে গিয়েছিলাম। আমাকে সরাসরী বলেছে তোমার “বঙ্গবল্টু”র নাম নিয়ে আর কখনো রুমে আসবা না বলে রুম থেকে বের করে দেন। সে মূলতঃ ছাত্রদলের সাধারণ সম্পাদক বেলাল হোসেনের একান্ত বিশ্বস্ত সহচর ছিল।”

শিক্ষকতা জীবন: ১৯৯৬ সালের সেপ্টেম্বর মাসের ১১ তারিখে অর্থনীতি বিভাগে প্রভাষক পদে যোগদান করেন আলমগীর হোসেন ভূইয়া। যোগদানের বেশ পরে বাসদ সমর্থিত প্রভাবশালী শিক্ষক মুঈদ রহমান তাকে শাপলা ফোরামের ফরম পূরণ করালেও কখনই দলীয় কোন কাজে সম্পৃক্ত করতে পারেননি।

এমনকি ১/১১ এ বর্তমান প্রধানমন্ত্রী জেলে থাকা অবস্থায় কোন দলীয় কর্মকান্ডে তাকে দেখা যায়নি। বরং অন্য সাধারণ শিক্ষকের মতো স্বাক্ষর করেই ক্ষান্ত।

২০১৩ সালে সাবেক প্রোভিসি অধ্যাপক কামাল উদ্দীন দূর্নীতির দায়ে অব্যহতি পেলে ক্যাম্পাসে কোণঠাসা হয়ে পড়েন। তখন অধ্যাপক কামাল উদ্দীন ও ভূঁইয়া উভয় গ্রুপের সাথে গোপন আঁতাতে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়। পরবর্তী শিক্ষক সমিতির নির্বাচনে ইবির ইতিহাসে ন্যাক্কার জনক ঘটনা ঘটে। কার্যকরী কমিটির ৬ জন সদস্যের প্রবল আপত্তির মুখেও ঐ দুজনেই সভাপতি-সেক্রেটারী পদে প্রার্থী হন। যেটি ক্যাম্পাসে তীরস্কার স্বরুপ কামাল উদ্দীন’স মডেল নামে ব্যাপক পরিচিত।

ছাত্র ইউনিয়ন থেকে আসা কামাল উদ্দীন ও বঙ্গবন্ধু বিদ্যেষী ভূঁইয়াকে বঙ্গবন্ধু প্রেমিরা যখন কোনভাবেই মানতে নারাজ, তখন তারা তৎকালীন ব্যাপক সমাদৃত ভিসি অধ্যাপক হারুন-উর-রশিদ আসকারী’র শরণাপন্ন হন। বৈঠকের পর বৈঠক করে ভিসি, প্রোভিসি ও ট্রেজারারের হস্তক্ষেপে তারা নির্বাচিত হন। পরবর্তী শিক্ষক সমিতির নির্বাচনে

কিন্তু গুরু অধ্যাপক মুঈদ রহমান আজো যোগদান করেননি।

তৎকালীন প্রভাবশালী ছাত্রনেতা ও কর্মকর্তা ফেডারেশনের বর্তমান মহাসচিব মীর মোর্শেদুর রহমান বলেন, “এখন সময় এসেছে কারা বঙ্গবন্ধু প্রেমি ও কারা সুবিধাভোগী অনুপ্রবেশকারী চিহ্নিত করা। কেউ দেশরত্ন শেখ হাসিনার চোখ ফাঁকি দিতে পারবে না বলে আমি মনে করি। তাঁকে ছাত্রজীবন থেকে চিনি। জামাত বিএনপির দোসর ছাড়া কেউ বঙ্গবন্ধুর নাম ব্যাঙ্গ করে ‘বঙ্গবল্টু’ বলতে পারে না?? ছাত্রলীগের নামও তিনি শুনতে পারতেন না।

অনেক সিনিয়র শিক্ষকের সাথে কথা বললে তাঁরা ক্ষোভ প্রকাশ করে বলেন, ১/১১ আমরা চাঁদা তুলতে পাঠিয়েছিলাম সে ছাঁপ জানিয়ে দিয়েছে, আমি বঙ্গবন্ধু পরিষদ করিনা আবার চাঁদা কিসের? ইউনিয়ন সমর্থিত দুর্নীতির দায়ে পদচ্যুত সাবেক প্রোভিসি কামাল উদ্দীন, বাসদ সমর্থিত ও আওয়ামী সরকার বিদ্বেষী অধ্যাপক মুঈদ রহমান তাঁদের দ্বারা বিশ্ববিদ্যালয়ের সকল সুবিধা ভোগ করে এখন ট্রেজারার হওয়ার স্বপ্ন দেখেছেন।

বিভিন্ন গোয়েন্দা সংস্থা তথ্য সংগ্রহ করে সরকারের কাছে প্রকৃত রহস্য জানাবেন বলে তাঁদের দাবি।

এই বিষয়ে প্রফেসর আলমগীর হোসেন ভুইয়া কে বক্তব্য নেওয়ার জন্য ফোন করা হলে তিনি বঙ্গবন্ধুকে কটুক্তি করার বিষয়টি এড়িয়ে যান এবং তিনি বলেন, ছাত্রদলের কোন রাজনীতির সাথে তার কোন সম্পৃক্ততা ছিল না সেই সাথে তথ্য সগ্রহকারীকে মামলার হুমকি প্রদান করেন।

হোয়াইট হাউস ছাড়ার আগেই গোপনে টিকা নেন ট্রাম্প-

মেলানিয়া

হোয়াইট হাউসে থাকার সময়ই গত জানুয়ারিতে কোভিড-১৯ থেকে সুরক্ষার টিকা নিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং সাবেক ফার্স্টলেডি মেলানিয়া ট্রাম্প। সোমবার ট্রাম্পের এক উপদেষ্টা মার্কিন প্রভাবশালী গণমাধ্যম সিএনএনকে এই তথ্য জানান।

তবে ট্রাম্প কোন কোম্পানির টিকা নিয়েছেন এবং কত ডোজ নিয়েছেন তা তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি।

গত রোববার ফ্লোরিডার অরল্যান্ডোতে রিপাবলিকান পার্টির এক সম্মেলনে সমর্থকদের টিকা নেওয়ার উৎসাহ দেন ট্রাম্প। এর পরই এ তথ্য বেরিয়ে আসে। প্রেসিডেন্ট থাকার সময় ডোনাল্ড ট্রাম্প করোনাভাইরাসকে গুরুত্ব দেননি। যুক্তরাষ্ট্রে করোনার ভয়াবহতা ট্রাম্প প্রশাসনের অব্যবস্থাপনারই ফল হিসেবে দেখা হচ্ছে। ট্রাম্প একসময় মাস্ক ব্যবহারে অনীহা ছিলেন। এমনকি করোনাকে সাধারণ ফ্লু হিসেবে দেখতেন। মাস্ক পরা এবং সামাজিক দূরত্ব বজায় রাখার মতো বিষয়কে তিরি রীতিমতো তাচ্ছিল্য করেছেন। লকডাউন দিতেও তিনি রাজি ছিলেন না।

ফ্লোরিডার ওই সম্মেলনে ট্রাম্প বলেন, ভ্যাকসিন নেওয়ার মধ্যে কোনো সমস্যা নেই। প্রত্যেকেরই উচিত এই টিকা নেওয়া। টিকা নেওয়ার প্রতি তার এই উৎসাহ জোগানো এটিই প্রমাণ করে যে, তিনি করোনার ভয়াবহতা এতদিনে হলেও আঁচ করতে পেরেছেন।

অথচ ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত ট্রাম্প প্রশাসন করোনার কোনো টিকা ব্যবহারের অনুমোদন দেয়নি।

গত বছরের মধ্য ডিসেম্বরে হোয়াইট হাউসের এক কর্মকর্তার বরাত দিয়ে সিএনএনের খবরে বলা হয়, হোয়াইট হাউসের সবার জন্য করোনার টিকার সুপারিশ না করা পর্যন্ত নিজে তা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন ট্রাম্প। ওই সময় সেই কর্মকর্তা জানান, ট্রাম্প ও তার স্ত্রী মেলানিয়া করোনা থেকে সুস্থ হওয়ায় শরীরে থাকা অ্যান্টিবডির সুবিধা নিচ্ছেন। তবে এখন তার অনেকটা গোপনে টিকা নেওয়ার কথা সামনে এলো।

ট্রাম্প চুপচাপ টিকা নিলেও তার পূর্ববর্তী এবং পরবর্তী প্রেসিডেন্টরা তা করেননি। বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন ও ভাইস

প্রেসিডেন্ট কমলা হ্যারিস ডিসেম্বরেই টেলিভিশনের সামনে গত ডিসেম্বরেই টিকা নেন। সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা, জর্জ ডব্লিউ বুশ এবং বিল ক্লিনটনও ডিসেম্বরে ক্যামেরার সামনে টিকা গ্রহণ করেন। মানুষকে টিকা নেওয়ায় উৎসাহিত করতে তারা নিজেরা প্রকাশ্যে টিকা নেন।

দামুড়হুদায় যুবকদের জনসচেতনতামূলক প্রশিক্ষণ

দামুড়হুদায় সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। জানা গেছে, গত রবিবার দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আযোজনে ও পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সহযোগিতায় পরিষদের সভা কক্ষে সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণটি দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, স্থানীয় নেতৃবৃন্দসহ কোর্স প্রশিক্ষণার্থীরা।

দর্শনা কেরু’র শ্রমিক-কর্মচারীর নির্বাচনে প্রতীক

বরাদ্দ সম্পন্ন

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়ন নির্বাচনে ঘোষিত তফসিল অনুযায়ী প্রার্থীদের মনোনয়নপত্র সংগ্রহ, জমা ও বাছাই পর্ব শেষ হয়েছে। প্রার্থীদর মধ্য বরাদ্দ দেওয়া হয়েছে প্রতীক। এবারর নির্বাচনে ১৩ পদের বিপরিতে ৩০ প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।
বাছাই পর্বে কোন মনোনয়নপত্র বাতিল হয়নি। গতকাল সোমবার সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। বিকাল ৩ টার মধ্যে সকল প্রার্থী দাখিল করেছেন মনোনয়নপত্র। মনোনয়নপত্র ও প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে সন্ধ্যা ৬ টায়। রাত ৮ টা পর্যন্ত প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় নিধারিত থাকলেও কেউ প্রার্থীতা প্রত্যাহার করেনি।
আজ মঙ্গলবার বিকাল ৩ টার দিক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ইতোমধ্যেই গত পরশু রাত ৮ টার দিকে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়। গতবারের ভোটারের তুলনায় এবার বেড়েছে ৮৭ জনের ভোট। এ নির্বাচনে সভাপতি পদে বর্তমান সভাপতি তয়ব আলী (চাঁদতারা) ও ফিরাজ আহমদ সবুজ (হারিকেন), সাধারণ সম্পাদক পদে বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান (বাইসাইকেল) ও সাবক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স (ছাতা), সহ-সভাপতি পদে বর্তমান সহ-সভাপতি মাস্তাফিজুর রহমান (চেয়ার) সাবেক সহ-সভাপতি ফারুক আহমদ (মোরগ), এএসএম কবির (হাতপাখা) ও আবু সাঈদ হাসন (মাছ) সহ-সাধারণ সম্পাদক পদে বর্তমান সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন (কাপ-পিরিচ), ইসমাইল হাসন (তালা চাবী), একরামুল হক খলিল (ফুটবল) ও আকরাম আলী (কলস) প্রতীক পেয়েছেন।
তাছাড়া ৭ টি ওয়ার্ডের ৯ জন সদস্য পদের বিপরিতে ১৮ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। ১ নং ওয়ার্ডে সদস্য পদে সলিম খান (বালতি) ও সালাউদ্দিন শাহ সনেট (ডাব), ২নং ওয়ার্ডে সদস্য প্রার্থী বাবর আলী (বেলচা) ও আমিনুল ইসলাম (ডাব) ৩ নং ওয়ার্ডে সদস্য পদে শরিকুল ইসলাম (টর্চলাইট) ও শফিকুল ইসলাম (ডাব)। ৪ নং ওয়ার্ডে সদস্য পদে ইয়ামিন হক (আখর আঁটি) ও মতিয়ার রহমান (ডাব), ৫ নং ওয়ার্ডে সদস্য পদে সাইফুদ্দীন (ডাব) হারিজুল ইসলাম (আখর আঁটি)। ৬ নং ওয়ার্ডে সদস্য পদে হাফিজুর রহমান (বেলচা), মজিবর রহমান (ডাব), নুরুল ইসলাম (আখের আটি) ও মাহন আলী (হাতুড়ি)। ৭ নং ওয়ার্ডে সদস্য পদে আজাদ আলী (হাঁতুড়ি), জহিরুল ইসলাম (আখের আটি), মফিজুর রহমান (বেলচা) ও ইদ্রিস আলী (কাঁঠাল) প্রতীকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এবারের নির্বাচন পরিচালনা কমিটির চয়ারম্যান হিসেব দায়িত্ব পালন করছেন কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) রাবিক হাসান, সদস্য সচিব মিলর, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, সদস্য উপ-ব্যবস্থাপক (পার্সনাল) আবদুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (পরিঃ প্রকশলী) আবু সাঈদ ও জুনিয়র অফিসার (ভূমি) জহির উদ্দিন।

গাংনীতে ফেন্সিডিলসহ আটক-২

মেহেরপুরের গাংনী থেকে ২৮ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। গতকাল সোমবার দিবাগত রাতে গাংনীর কাজীপুর হাড়াভাঙ্গা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো, সদর উপজেলার কামদেবপুর গ্রামের আল আমিন হোসেন এর ছেলে জুল হেসেন ওরফে জুয়েল
(২৫) ও ফতেপুর গ্রামের তোফাজ্জেল হোসেন এর ছেলে সাইফুল ইসলাম (৩৫)।
এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এই মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয়। সঙ্গে ছিলেন, এ এস আই জসিম ও আহসান হাবিব। জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনীর কাজীপুর হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে দুজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবির একটি চৌকশ দল। এ সময় তাদের কাছ থেকে ২৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। আটককৃতদের প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য জেলা গোয়েন্দা কার্যালয়ে আনা হয়েছে। তাদের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামালা রুজু করা হয়েছে।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতে ২

জনের জেল, ১ জনের নামে মামলা

দর্শনায় মাদকদ্রব্য অধিদপ্তরের মাদক বিরাধী অভিযান পরিচালিত হয়েছে।
এ অভিযানে গাঁজাসহ ৩ জনকে আটক করা হয়েছে। ২ জনকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা ও ১ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল বিকাল ৫ টার দিক দর্শনা দক্ষিণচাদপুর মাদকদ্রব্য নিয়ন্ত্র অধিদপ্তরের সদস্যরা অভিযান চালিয় গাঁজাসহ আটক করে রশিদ মিয়ার স্ত্রী আমেনা, আবুবক্করের ছেল তুহিন ও গাফফারেক। তুহিন ও আমেনাকে চুয়াডাঙ্গা নির্বাহী অফিসার সুরাইয়া মমতাজ ১ বছর ও ২ মাসর পথক কারাদণ্ডে দণ্ডিতসহ ৭ হাজার টাকা জরিমানা আদায় করেন। গাফফারের বিরুদ্ধে পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন বাদী হয় দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব হলেন কুষ্টিয়ার সন্তান

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নবনিযুক্ত সচিব মো: সায়েদুল ইসলাম যোগদান করেছেন।
গতকাল সোমবার প্রথম কর্ম দিবসে মন্ত্রণালয়ের সভা কক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তারাদের সাথে মতবিনিময় করেন।
এ সময় মন্ত্রণালয়ের কর্মকর্তারা নবনিযুক্ত সচিবকে ফুল দিয়ে অভিনন্দন জানান। মো: সায়েদুল ইসলাম বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০ম ব্যাচের কর্মকর্তা এর আগে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।
গত ২৩ ফেব্রুয়ারি জনপ্রশাসন মন্ত্রণালয় তাকে সচিব হিসেবে পদোন্নতি দিয়ে এ মন্ত্রণালয়ে পদায়ন করে।
তিনি ১৯৯১ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করে সহকারী কমিশনার হিসেবে কুমিল্লা কালেক্টরে যোগদান করেন। তিনি মাঠ

পর্যায়ে বিভিন্ন পদে কুমিল্লা, চট্টগ্রাম, গোপালগঞ্জ ও গাজীপুর জেলায় দায়িত্ব পালন করেন। তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কাউন্সিলর (লেবার) হিসেবে বাংলাদেশ হাই কমিশন মালায়েশিয়াতে ৫ বছর কর্মরত ছিলেন। তিনি বিভিন্ন দেশে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ গ্রহণ করেন। মো: সায়েদুল ইসলাম ১৯৬৪ সালে কুষ্টিয়া সদর উপজেলার বেলঘরিয়া গ্রামে এক মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তার স্ত্রী সাবিহা পারভীন বাংলাদেশ সরকারের একজন অতিরিক্ত সচিব। তিনি এক কন্যা সন্তানের জনক।

নিম্নমানের সামগ্রী ব্যবহারসহ নানা অনিয়মের অভিযোগে কুষ্টিয়ায় ব্রিজের নির্মাণ কাজ বন্ধ

পাথরের সঙ্গে বালু মেশানো, পরিমাণে কম দেওয়া, মোটা বালুর পরিবর্তে ফিলিং বালু মেশানো, দিনের পরিবর্তে রাতে ঢালাই, নিম্নমানের সামগ্রী ব্যবহারসহ নানা অনিয়মের অভিযোগে বন্ধ করে দেয়া হয়েছে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার জিসি গোপগ্রাম এলাকার জিসি সড়কের পিসি গার্ডার ব্রিজের নির্মাণ কাজ।
এলাকাবাসীর অভিযোগের সত্যতা পেয়ে গতকাল সোমবার বিকালে নির্মাণাধীন কাজ বন্ধ করে দেয় উপজেলা প্রকৌশলী অফিস।
উপজেলা প্রকৌশলী অফিস ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, দুই কোটি ৪৯ লাখ ৯২ হাজার টাকা ব্যয়ে ব্রিজটি নির্মাণে গত বছরের ১২ ফেব্রুয়ারি চুক্তি করে নড়াইল জেলার লোহাগাড়া থানার লক্ষ্মীপাশার মেসার্স নূর কনস্ট্রাকশন। ওই বছরের ১৯ ফেব্রুয়ারি ব্রিজ নির্মাণ কাজ শুরু করার চুক্তি থাকলেও কাজের নমুনা মেলেনি কয়েক মাস পরেও। এরপর নির্ধারিত তারিখের পাঁচ মাস পরে ১৭ জুলাই ব্রিজের নির্মাণ কাজের উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ।